
দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 24 APR 20 3 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৪ ......



# কাকলি উচ্চ বিদ্যালয়ের মূল ভবন রক্ষার আবেদন

ইত্তেফাক রিপোর্ট ॥ স্কুলের পাশেই অপরিকল্পিতভাবে খনন কাজ শুরু হওয়ায় স্কুল ভবন ধসে পড়ার আশংকায় সাত মসজিদ রোডস্থ কাকলি উচ্চ বিদ্যালয় ১১ই মে পর্যন্ত বন্ধ ঘোষণা করা হয়েছে। স্কুলের প্রধান শিক্ষক বিভিন্ন পত্রিকায় পাঠান প্রেস বিজ্ঞপ্তিতে স্কুল বন্ধের ঘোষণা দিয়ে বলেছেন, স্কুল সংলগ্ন দক্ষিণ পাশে বিশাল বাণিজ্যিক ভবন নির্মাণের জন্য ২০/২২ ফুট গভীর খনন করা হয়েছে এবং প্রয়োজনীয় প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ না করায় কাকলি উচ্চ বিদ্যালয়ের মূল ভবন ভেঙে পড়ার আশংকা দেখা দিয়েছে। ইতিমধ্যে ছাত্রছাত্রী, শিক্ষক-শিক্ষিকা ও বহু অভিভাবক দলে দলে এসে তাদের উৎকণ্ঠার কথা ব্যক্ত করেছেন। কাকলি উচ্চ বিদ্যালয়ের মূল ভবন রক্ষার জন্য সংশ্লিষ্ট সকল মহলের সহযোগিতা কামনা করা হয়েছে।